**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 28-10-2025** **Desk in Charge : Kalyan L.**
**Time : 1.30 P.M.** **Compiling : Prajesh.B /PPM**
**DEO : KB** **NR : PPM**

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবরঃ-

১) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, জলবায়ু পরিবর্তন মোকাবিলায় সুনির্দিষ্ট পদক্ষেপ গ্রহণের ওপর জোর দিয়েছেন। # আজ নতুন দিল্লীতে তিনি আন্তর্জাতিক সৌরজোটের অষ্টম সম্মেলনের উদ্বোধন করেন।

২) ঘূর্ণিঝড় মন্থা, আজ গভীররাতে অন্ধ্রপ্রদেশের মছলিপত্তনম্ ও কলিঙ্গপত্তনমের মধ্যে কাঁকিনাড়ার কাছে আছড়ে পড়ার আশঙ্কা করা হচ্ছে। # এর প্রভাবে যেকোনো পরিস্থিতি মোকাবিলায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সবরকম সহযোগিতার আশ্বাস দিয়েছেন।

৩/ শান্তি ও স্থিতিশীলতার ওপর জোর দিয়ে বিশতম 'পূর্ব এশিয়া শীর্ষ বৈঠক'-এর শেষে 'কুয়ালালামপুর ঘোষণাপত্র' গৃহীত হয়েছে।

৪/ ভোটার তালিকায় 'বিশেষ নিবিড় সংশোধন কর্মসূচী'- SIR ঘোষণার পর সিনিয়ার উপনির্বাচন কমিশনার, আজ সংশ্লিষ্ট রাজ্যগুলির মুখ্য নির্বাচনী আধিকারিকদের সঙ্গে বৈঠকে বসছেন। # বিহারে প্রথম পর্বের নির্বাচনের প্রচার এখন তুঙ্গে।

৫/ মার্কিন যুক্তরাষ্ট্র সরকারি 'শাট ডাউন'-এর ফলে অসামরিক বিমান চলাচল আজ ব্যহত।

৬/ উদীয়মান সূর্য্যকে অর্ঘ্য নিবেদনের মাধ্যমে চারদিনের ছট মহাপর্ব আজ শেষ হয়েছে।

*****************************************************************

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু জলবায়ু পরিবর্তন সমগ্র বিশ্বকে প্রভাবিত করছে একথা উল্লেখ করে এর মোকাবিলায় জরুরি ও সুনির্দিষ্ট পদক্ষেপ গ্রহণের প্রয়োজনীয়তার ওপর জোর দিয়েছেন। আজ নতুনদিল্লিতে আন্তর্জাতিক সৌর জোট আইএসএ -র ৮ম অধিবেশনে ভাষণে রাষ্ট্রপতি জোর দিয়ে বলেছেন যে ভারত জলবায়ু পরিবর্তন মোকাবিলায় প্রতিশ্রুতিবদ্ধ এবং সে লক্ষ্যে দৃঢ় পদক্ষেপ নিচ্ছে। তিনি আরও উল্লেখ করেছেন যে ভারত এবং বিশ্বের বিভিন্ন সভ্যতা দীর্ঘকাল ধরে সূর্যকে জীবন ও শক্তির চূড়ান্ত উৎস হিসেবে সম্মান করে আসছে।

( Byte - Prez solar )

নতুন ও পুনর্নবীকরণযোগ্য শক্তিমন্ত্রী প্রহ্লাদ জোশী এবং আইএসএ-র মহানির্দেশক আশীষ খান্নাও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। বিশ্বব্যাপী প্রায় ১২৪টি দেশ এবং ৪০ জনেরও বেশি মন্ত্রী এই অনুষ্ঠানে যোগ দিচ্ছেন।

*******************************

উপ-রাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণণ সেশেলস সফর সেরে আজ সকালে কোয়েম্বাটুরে ফিরেছেন। তিনি সেশেলস এর নবনির্বাচিত রাষ্ট্রপতি ডঃ প্যাট্রিক হার্মিনীর শপথগ্রহণ অনুষ্ঠানে যোগ দেন। এক বিবৃতিতে বিদেশ মন্ত্রক জানিয়েছে যে সফরকালে উপ-রাষ্ট্রপতি রাষ্ট্রপতি ডঃ প্যাট্রিক হার্মিনীর এবং উপ-রাষ্ট্রপতি সেবাস্তিয়ান পিল্লের সঙ্গে দেখা করেন। তিনি পারস্পরিক ও সামগ্রিক অগ্রগতির জন্য অঞ্চলসমূহের সুরক্ষা ও বৃদ্ধি - ”মহাসাগর “ দৃষ্টিভঙ্গির অধীনে সেশেলসের সঙ্গে ভারতের সম্পর্ককে গুরুত্ব দিয়ে তুলে ধরেন এবং গ্লোবাল সাউথের প্রতি ভারতের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেন। আলোচনায় ভারত ও সেশেলসের মধ্যে বহুমুখী দ্বিপাক্ষিক অংশীদারিত্ব আরও জোরদার করার কথা হয়। সফরকালে, উপ-রাষ্ট্রপতি মরিশাসের প্রধানমন্ত্রী ডঃ নবীনচন্দ্র রামগুলামের সঙ্গেও দেখা করেন। সেশেলসের প্রবাসী ভারতীয়দের আয়োজিত এক সংবর্ধনা অনুষ্ঠানে ভাষণে

শ্রী রাধাকৃষ্ণণ দু’দেশের মধ্যে সাংস্কৃতিক এবং জনগণের মধ্যে সম্পর্ক গভীর করার ক্ষেত্রে তাঁদের অবদানের প্রশংসা করেন।  বিদেশ মন্ত্রক উল্লেখ করেছে যে ভারত সরকার দ্বিপাক্ষিক সম্পর্ক আরও সম্প্রসারিত এবং মজবুত করার জন্য রাষ্ট্রপতি ডঃ প্যাট্রিক হারমিনির নেতৃত্বে সেশেলসের নতুন সরকারের সঙ্গে কাজ করার জন্য অধীর আগ্রহে অপেক্ষা করছে।

*****************************

অন্ধ্রপ্রদেশে সাইক্লোন মন্থার প্রভাবে যেকোনো ধরনের পরিস্থিতি মোবাবিলায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সবরকম সহযোগিতার আশ্বাস দিয়েছেন। তিনি রাজ্যের মুখ্যমন্ত্রী এন চন্দ্রবাবু নাইডুর সঙ্গে টেলিফোনে কথা বলে এই আশ্বাস দেন।

এদিকে, মুখ্যমন্ত্রী শ্রী নাইডু ব্যক্তিগতভাবে সাইক্লোন পরিস্থিতির ওপর নজর রাখছেন এবং তিনি রাজ্যের আধিকারিকদের স্যাটেলাইট ফোনের মাধ্যমে নিরবচ্ছিন্ন যোগাযোগ রাখার নির্দেশ দিয়েছেন। সাধারণ মানুষকে সাইক্লোনের গতি প্রকৃতির বিষয় জানানোর জন্য প্রতি ঘন্টায় আবহাওয়ার বুলেটিন প্রকাশ করা হচ্ছে। যেকোনো পরিস্থিতিতে জরুরী ভিত্তিতে সাইক্লোনে ক্ষতিগ্রস্তদের উদ্ধার ও অন্যান্য কাজের জন্য একটি ২৪ ঘন্টার কন্ট্রোল রুম খোলা হয়েছে।

শেষ খবর পাওয়া পর্যন্ত সাইক্লোন মন্থা অতি প্রবল ঘূর্ণিঝড়ে পরিণত হয়েছে। এর ফলে অন্ধ্রপ্রদেশ উপকূলে ঘন্টায় ৯০ থেকে ১০০ কিলোমিটার বেগে ঝড় বইছে এবং প্রবল বর্ষণ শুরু হয়েছে। আজই গভীর রাতে এই ঘূর্ণঝড়টি মছলিপত্তনম ও কলিঙ্গপত্তনমের মধ্যে কাঁকিনাড়ার কাছে আছড়ে পড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে।

*****************************

শান্তি ও স্থিতিশীলতার ওপর জোর দিয়ে ২০-তম পূর্ব এশিয়া শীর্ষ বৈঠকের শেষে কুয়ালালামপুর ঘোষণাপত্র গৃহীত হয়েছে। আঞ্চলিক ও আন্তর্জাতিক বিভিন্ন বিষয়ে আস্থা,

স্বচ্ছতা এবং দায়িত্বশীল ব্যবহারের ভিত্তিতে অংশগ্রহণকারী দেশগুলির ঘনিষ্ঠ সহযোগিতার কথা এই ঘোষণাপত্রে বলা হয়েছে। এছাড়াও আঞ্চলিক উন্নয়ন সহযোগিতা, নিরাপত্তা, প্রাকৃতিক বিপর্যয় মোকাবিলা বিষয়ে তথ্য বিনিময়ের ওপরেও এই ঘোষণাপত্রে জোর দেওয়া হয়েছে।

উল্লেখ্য, মালয়েশিয়ার কুয়ালালামপুরে পূর্ব-এশিয়ার দেশগুলির শীর্ষ বৈঠক বসেছিল।

*****************************

মালয়েশিয়া সফররত বিদেশমন্ত্রী ড. এস. জয়শঙ্কর অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী অ্যান্থনি আলবানিজ এবং নিউজিল্যান্ডের প্রধানমন্ত্রী ক্রিস্টোফার লাক্সনের সঙ্গে বৈঠক করেছেন। আসিয়ান এবং ২০তম পূর্ব এশিয়া সম্মেলনের ফাঁকে গতকাল এই বৈঠকে ভারতের সঙ্গে দেশগুলির দ্বিপাক্ষিক সম্পর্কের অগ্রগতি নিয়ে কথা হয়।

সামাজিক মাধ্যমে এক পোস্টে বিদেশমন্ত্রী, ভারত-নিউজিল্যান্ড দ্বিপাক্ষিক সহযোগিতা বৃদ্ধি এবং অবাধ ও মুক্ত ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল গড়ে তোলার ব্যাপারে প্রধানমন্ত্রী লাক্সনের সদিচ্ছা ও গৃহীত পদক্ষেপের প্রশংসা করেন। অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী আলবানিজের সঙ্গেও তাঁর বৈঠক ফলপ্রসূ হয়েছে বলে শ্রী জয়শঙ্কর জানান।

জাপান, মালয়েশিয়া, ব্রাজিল এবং ব্রুনেই-এর বিদেশমন্ত্রীদের সঙ্গেও সাক্ষাৎ করেছেন ড. জয়শঙ্কর।

*****************************

কেন্দ্রীয় ইলেকট্রনিক্স এবং তথ্য ও প্রযুক্তিমন্ত্রী অশ্বিনী বৈষ্ণ আজ জানিয়েছেন, ভারতে নির্মিত স্মার্ট ফোন রপ্তানির পরিমাণ গত মাসের শেষে, রেকর্ড ১দশমিক ৮ বিলিয়ন মার্কিন ডলারে পৌঁছেছে। সংবাদ মাধ্যমে, একটি জাতীয় সংবাদ পত্রে প্রকাশিত নিবন্ধ

তুলে ধরে তিনি জানান,দেশ থেকে রপ্তানি হওয়া সকল জিনিসের মধ্যে, ইলেকট্রনিক্স সামগ্রী তৃতীয় বৃহত্তম স্থানে উঠে এসেছে। শ্রী বৈষ্ণ বলেন,ইলেকট্রনিক্স যন্ত্রাংশ উৎপাদনে দেশ অনেকাংশেই এগিয়ে গেছে। এই ক্ষেত্রে হাজার হাজার মানুষের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে বলে তিনি জানান।

******************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল মুম্বাইয়ে মেরিটাইম লিডার্স কনক্লেভে বক্তব্য রাখবেন। ইন্ডিয়া মেরিটাইম সপ্তাহ ২০২৫-এ গ্লোবাল মেরিটাইম সিইও ফোরামের সভাপতিত্বও করবেন তিনি। মেরিটাইম অমৃতকাল ভিশন ২০৪৭-এর সঙ্গে সামঞ্জস্য রেখে দেশের সামুদ্রিক ক্ষেত্রে রূপান্তরের ভবিষ্যৎমুখী পরিকল্পনার কথা প্রধানমন্ত্রীর বক্তব্যে উঠে আসবে বলে মনে করা হচ্ছে। পরিবহন, বন্দর, জাহাজ নির্মান, ক্রুজ পর্যটন এবং সমুদ্র অর্থনীতি সংক্রান্ত অংশীদারদের একত্রিত করে উন্নয়ন পরিকল্পনাকে বাস্তব রূপ দিতে অন্যতম
আন্তর্জাতিক মঞ্চ হয়ে উঠেছে এই সম্মেলন। ৮৫টিরও বেশি দেশের এক লক্ষেরও বেশি প্রতিনিধি এবং আন্তর্জাতিক স্তরে সাড়ে তিনশোরও বেশি বক্তা এতে অংশ নেবেন।

******************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, বিকশিত ভারত কুইজ প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য দেশের যুব সমাজের প্রতি আহ্বান জানিয়েছেন। সামাজিক মাধ্যমে এক পোস্টে, শ্রী মোদি বলেন, বিকশিত ভারত ইয়ং লিডারস ডায়ালগের দ্বিতীয় পর্যায় যুবদের জন্য দেশ গঠনে অবদান রাখার এক দারুণ সুযোগ। তাদের মতামত এবং দৃষ্টিভঙ্গি বিকশিত ভারত গঠনে পথ দেখাতে পারে। চলতি মাসের ৩১ তারিখ পর্যন্ত কুইজে অংশ নেওয়া যাবে।

******************************

পশ্চিমবঙ্গ সহ ১২’টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে আজ থেকেই ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন কর্মসূচী এসআইআর প্রক্রিয়া চালু হচ্ছে। মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার গতকাল নতুন দিল্লীর বিজ্ঞানভবনে এক সাংবাদিক সম্মেলনে বলেন, যেখানে যেখানে এসআইআর হতে চলেছে, সেখানে বুথ স্তরের আধিকারিক বিএলও-রা ভোটদাতাদের এনুমারেশন ফর্ম দেবেন। আজ থেকেই এই ফর্ম ছাপা ও বিএলও-দের প্রশিক্ষণের কাজ শুরু হয়েছে। চলবে তেসরা নভেম্বর পর্যন্ত। চৌঠা নভেম্বর থেকে চৌঠা ডিসেম্বর পর্যন্ত এই এনুমারেশন প্রক্রিয়া চলবে।খসড়া ভোটার তালিকা প্রকাশিত হবে ৯ ই ডিসেম্বর। ঐ দিন থেকে ২০২৬ এর ৮ ই জানুয়ারি পর্যন্ত এ সংক্রান্ত কোনো অভাব অভিযোগ বা আপত্তি জানানো যাবে। ৩১ শে জানুয়ারি পর্যন্ত সেই সংক্রান্ত শুনানি ও যাচাই-এর কাজ চলবে। চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশিত হবে ২০২৬-এর ৭ ই ফেব্রুয়ারি।

দুই নির্বাচন কমিশনার ডক্টর সুখবীর সিং সান্ধু এবং ডক্টর বিবেক যোশীর উপস্থিতিতে ঐ সাংবাদিকে বৈঠকে জ্ঞানেশ কুমার আরও বলেন, ভোটার তালিকাকে স্বচ্ছ এবং নির্ভুল করে তোলার লক্ষ্যেই এসআইআর কর্মসূচী হাতে নেওয়া হয়েছে। দ্বিতীয় পর্যায়ে প্রায় ৫১ কোটি ভোটদাতা এসআইআর-এর আওতায় আসবেন। ধাপে ধাপে এই সংশোধন প্রক্রিয়া চালানো হবে। কোনো যোগ্য ভোটদাতা যাতে তালিকা থেকে বাদ না পড়েন তা দেখার পাশাপাশি কোনো অযোগ্য ভোটারও যাতে তালিকায় অন্তর্ভুক্ত না হন সেটিও ERO এবং AERO কে সুনিশ্চিত করতে হবে।

এদিকে, এই ১২’টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের ভোটার তালিকা এখন ফ্রিজ করে দেওয়া হয়েছে। বর্তমান ভোটারদের যে অনুমারেশন ফর্ম দেওয়া হবে, তাতে তারা বিস্তারিত তথ্য নথিবদ্ধ করতে পারবেন। মুখ্য নির্বাচন কমিশনার বলেন, ২০০2, তিন ও চারের ভোটার তালিকায় যে সমস্ত ভোটদাতা কিংবা তার বাবা মায়ের নাম ছিল, তাদের কোনো অতিরিক্ত নথি জমা দিতে হবে না।

*****************************

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন কর্মসূচী SIR ঘোষণা হওয়ার পর সিনিয়র উপ নির্বাচন কমিশনার মণীশ গর্গ, আজ সকালে সংশ্লিষ্ট রাজ্যগুলির মুখ্য নির্বাচনী আধিকারিক এবং জেলা নির্বাচনী আধিকারিকের সঙ্গে ভিডিও কনফারেন্সের মাধ্যমে বৈঠকে বসছেন। বৈঠকে কমিশনের অন্যান্য সিনিয়র ডেপুটি ইলেকশন কমিশনার এবং ডেপুটি ইলেকশন কমিশনাররা যোগ দেবেন বলে সূত্রের খবর।

এদিকে, নির্বাচন কমিশন SIR ঘোষণা করার পর সেব্যাপারে অবগত করতে পশ্চিমবঙ্গের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ  আগরওয়াল আজ এক সর্বদলীয় বৈঠক ডেকেছেন। বিকেল চারটেয় মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরে ঐ বৈঠকে যোগদানের জন্য জাতীয় ও রাজ্য স্তরের ৮ টি স্বীকৃত রাজনৈতিক দলকে আমন্ত্রণ জানানো হয়েছে। এর মধ্যে আছে, জাতীয় স্তরের ৬ টি রাজনৈতিক দল BJP, কংগ্রেস, CPI(M), AAP, BSP ও NPP এবং রাজ্য স্তরে দুটি দল  তৃণমূল কংগ্রেস ও ফরোয়ার্ড ব্লক।

মনোজ আগরওয়াল আগামীকাল রাজ্যের সব জেলা নির্বাচনী আধিকারিক, বিধানসভা কেন্দ্রের ইআরও, এইআরও ও বুথ লেভেল আধিকারিকদের সঙ্গে বৈঠকে বসতে চলেছেন।  এই ভার্চুয়াল বৈঠকে উপস্থিত থাকার জন্যে সব জেলাশাসকদের পাশাপাশি মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের অন্য আধিকারিকদের নির্দেশ দেওয়া হয়েছে বলে সিইও দপ্তর সূত্রে জানা গিয়েছে। পাশাপাশি বুথ লেভেল আধিকারিকদের নিরাপত্তার বিষয়টি খতিয়ে দেখতে ভারতীয় নির্বাচন কমিশন আলাদাভাবে তাদের সঙ্গে বৈঠকে বসবে বলেও জানা গেছে।

*****************************

বিহারে নির্বাচনী প্রচার  জোরদার হয়েছে। আগামী মাসের ৬’তারিখে ওই রাজ্যের বিধানসভা নির্বাচনের প্রথম পর্ব অনুষ্ঠিত হবে। শাসক NDA এবং বিরোধী মহাজোটের

প্রার্থীরা ইতমধতেই ভটারদের মন জয়ের লক্ষ্যে নেমে পড়েছেন। আজই বিরোধী মহাজোটের নির্বাচনী ইস্তেহার প্রকাশিত হবে। RJD নেতা তেজস্বী যাদব বলেছেন, এই ইস্তেহারে বিরোধী জোটের ভবিষ্যত দৃষ্টিভঙ্গীর প্রতিফলন ঘটবে।

******************************

মার্কিন যুক্তরাষ্ট্রে সরকারি শাট ডাউনের ২৭ তম দিনে বিমান চলাচল আজ ব্যাহত হয়েছে। ৪ হাজারেরও বেশি উড়ান দেরিতে ছেড়েছে,১শো ১৮ টি উড়ান বাতিল হয়েছে। উড়ান চলাচল ব্যহত হওয়ার অন্যতম কারন হলো বিমানবন্দরে প্রয়োজনীয় কর্মী এবং ট্রাফিক কন্ট্রোল টাওয়ারে কর্মচারীর অভাব।

******************************

ছট মহাপর্বের চতুর্থ দিনে আজ উদীয়মান সূর্যের প্রতি অর্ঘ্য নিবেদন করা হয়। ৩৬ ঘন্টা নির্জলা উপবাসরে পর আজ প্রসাদ গ্রহণের মধ্যে দিয়ে ব্রতের সমাপ্তি ঘটতে চলেছে। গঙ্গা সহ বিভিন্ন নদনদীর ঘাটগুলিতে এখনও ভক্তদের ভিড়। গঙ্গা, গন্ডক, কোশী, মহানন্দা সহ দেশের বিভিন্ন নদ নদীর ঘাটে গত সন্ধ্যাতেও ভিড় ছিল চোখে পড়ার মতো।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, পবিত্র ছট উৎসবে অংশ গ্রহণকারী সকলকে শুভেচ্ছা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে এক বার্তায় শ্রী মোদী বলেন, ঊষা অর্ঘ্য প্রদানের মধ্যে দিয়ে ভারতের ঐতিহ্য বাহী এই ছট মহা পর্ব আজ শেষ হচ্ছে।

ছটি মাইয়ার কৃপায় প্রতিটি দেশবাসীর জীবন আলোকিত হয়ে উঠবে বলেও তিনি আশা প্রকাশ করেন।

****************************************************************